

## ি ইয়াসীন | Ya-Sin | يس

আয়াতঃ ৩৬ : ৭৩

### ি আরবি মূল আয়াত:

وَلَهُمْ فِيهَا مَنَافِعٌ وَمَشَارِبٌ ۝ ۷۳ ۝ أَفَلَا يَشْكُرُونَ

### ি অনুবাদসমূহ:

আর তাদের জন্য এগুলোতে রয়েছে আরও বহু উপকারিতা ও পানীয় উপাদান। তবুও কি তারা শোকর আদায় করবে না? — আল-বায়ান

তাদের জন্য এগুলোতে আছে বহু উপকার আর পানীয় দ্রব্য। তবুও তারা কেন শুকরিয়া আদায় করে না? — তাইসির়ুল

তাদের জন্য ওগুলিতে রয়েছে বহু উপকারিতা, আর আছে পানীয় বস্ত। তবুও কি তারা কৃতজ্ঞ হবেনা? — মুজিবুর রহমান

And for them therein are [other] benefits and drinks, so will they not be grateful? — Sahih International

৭৩. আর তাদের জন্য এগুলোতে আছে বহু উপকারিতা এবং আছে পানীয় উপাদান। তবুও কি তারা কৃতজ্ঞ হবে না?

-

তাফসীরে জাকারিয়া

(৭৩) ওদের জন্য এগুলিতে বহু উপকারিতা আছে;[1] আছে পানীয় বস্ত। তবুও কি ওরা কৃতজ্ঞ হবে না?

[1] অর্থাৎ, সওয়ারী ও খাওয়া ছাড়াও তাদের দ্বারা অনেক উপকৃত হওয়া যায়; যেমন তাদের লোম ও পশম থেকে বেশ কিছু জিনিস তৈরী হয়, তাদের চর্বি থেকে তেল পাওয়া যায় এবং কতক পশু গাড়ি টানা ও জমি চাষের কাজেও আসে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=3778>

১ হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন